# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১০৯৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের কাতার সোজা করা

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «إِن اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى مَيَامِنِ الصُّفُوفِ» . رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

১০৯৬-[১২] 'আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সালাতের কাতার ডানদিকের মানুষের ওপর আল্লাহ তা'আলা ও মালায়িকাহ্ (ফেরেশতারা) তাদের জন্য আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করতে থাকে। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৬৭৬, ইবনু মাজাহ্ ১০০৫, ইবনু হিব্বান ২১৬০, সিলসিলাহ্ আয্ য‘ঈফাহ্ ৫৬৮৬, য‘ঈফ আত্ তারগীব ২৫৯, য‘ঈফ আল জামি‘ ১৬৬৮। কারণ এর সানাদে মু‘আবিয়াহ্ বিন হিশাম ভুল করে مَيَامِنِ الصُّفُوفِ অংশটুকু বর্ণনায় একাকী হয়েছেন। অধিকন্তু তার স্মরণশক্তিতে দুর্বলতা রয়েছে। তবে মাহফূয বর্ণনা হলো على الذين يصلون الصفوف

### ব্যাখ্যা

ব্যাখ্যা: আবূ দাঊদের এ হাদীসটিকে খায়রী সা‘ঈদ দুর্বল বললেও মুসলিমে বারা বিন ‘আযিব থেকে উল্লেখিত হাদীসে রসূলের ইমামতিকালে সাহাবীগণ রসূলের ডান দিকে অবস্থান করাকে ভালবাসতেন, অধিকাংশ সময়ে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাতারের ডানদিকের সাহাবীদের দিকে ঘুরে বসতেন।

এ হাদীস দ্বারা কাতারের ডান দিকের মর্যাদা বোঝা যাচ্ছে। ইবনু মাজাহ এর হাশিয়াতে ইবনু ‘উমার (রাঃ)-এর হাদীসের অধীনে সিনদী বলেন, যদিও কাতারের ডানদিকে থাকা মূল কিন্তু বামদিক যখন খালি থাকবে তখন তা আবাদ করা ডানদিক অপেক্ষা উত্তম। এর উপর ভিত্তি করে ডান বাম উভয় দিকে লক্ষ্য রাখতে হবে এর পরও যদি অতিরিক্ত হয় তাহলে সে অতিরিক্ত মুসল্লীটি ডানদিকে দাঁড়াবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55656

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন